ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫১৫০

জিরানীয়া, ৯ ফেব্রুয়ারি, ২০২৬

**পিএমকেভিওয়াই-৪.০ অধীনে বিভিন্ন কোর্সে প্রশিক্ষণের সূচনা**

প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার অধীনে (পিএমকেভিওয়াই-৪.০) আজ বিভিন্ন কোর্সের সূচনা হয়েছে। এ উপলক্ষ্যে এনআইটি আগরতলার বিবেকানন্দ অডিটোরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, আইআইটি দিল্লির অধিকর্তা প্রফেসর রঞ্জন ব্যানার্জী। এই অনুষ্ঠানে এইচসিএল এবং আইবিএম'র সঙ্গে দক্ষতা উন্নয়ন দপ্তরের দুটি মৌ স্বাক্ষরিত হয়।

অনুষ্ঠানে শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে বলেন, রাজ্যের যুব সমাজের দক্ষতা বাড়ানোর জন্য বিভিন্ন কোর্সে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। তিনি বলেন, কোন শিক্ষাই ব্যার্থ যায় না। তিনি আশা প্রকাশ করেন নতুন নতুন কোর্স বিষয়ে দক্ষতা অর্জন করে যুবক যুবতীরা তাদের ক্যারিয়ার গড়তে পারবে। আইআইটি দিল্লির অধিকর্তা প্রফেসর রঞ্জন ব্যানার্জী কৃত্তিম বুদ্ধিমত্তা বিষয়ে আগ্রহী হতে ও পড়াশোনা করতে ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান।

আজ এই অনুষ্ঠানে দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা প্রদীপ কে-র সঙ্গে মৌ স্বাক্ষর করেন এইচসিএল'র সিইও অরুণ প্রকাশ এবং আইবিএম'র প্রতিনিধি দেবকান্ত আগরওয়াল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এনআইটি আগরতলার অধিকর্তা প্রফেসর শরৎ কুমার পাত্রা। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা প্রদীপ কে। উল্লেখ্য, প্রথম পর্যায়ে ৩০০ জন স্নাতক প্রার্থীকে আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স, ম্যাশিন লার্নিং, ব্লক চেইন, ফাইভ জি, ইন্টারনেট অব থিংকস (আইওটি) প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

******